# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৬৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতের যে স্থানে আল্লাহর কাছে দু‘আ করলে, দু‘আকারী যা চাইবে, তা প্রদান করা হয় মর্মে বর্ণনা

ذِكْرُ الدُّعَاءِ الَّذِي يُعطى سَائِلُ اللَّهِ مَا سَأَلَ فِي مَوْضِعٍ مِنْ صَلَاتِهِ

আরবী

1967 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عَاصِمِ بْنِ بَهْدَلَةَ عَنْ زِرِّ بْنِ حُبَيْشٍ أَنَّ ابْنَ مَسْعُودٍ كَانَ قَائِمًا يُصَلِّي فَلَمَّا بَلَغَ المئة مِنَ النِّسَاءِ أَخَذَ يَدْعُو فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (سَلْ تُعْطَهْ) ثَلَاثًا فَقَالَ: اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ إِيمَانًا لَا يَرْتَدُّ وَنَعِيمًا لَا يَنْفَدُ وَمُرَافَقَةَ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عليه وسلم في أعلى جنة الخلد.

الراوي : زِرّ بْن حُبَيْشٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1967 | خلاصة حكم المحدث: حسن صحيح ـ ((صفة الصلاة)) ((تخريج المختارة)) (255) , ((المشكاة)) (931)

বাংলা

১৯৬৭. যিন বিন হুবাইশ (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, “আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু দাঁড়িয়ে সালাত আদায় করছিলেন, অতঃপর যখন তিনি কিরা‘আত পাঠ করে সূরা নিসার ১০০ আয়াতে পৌঁছেন, তখন তিনি দু‘আ করতে শুরু করেন, এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “প্রার্থনা করো, তোমাকে প্রদান করা হবে।” তখন তিনি দু‘আ করেন, اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ إِيمَانًا لَا يَرْتَدُّ وَنَعِيمًا لَا يَنْفَدُ وَمُرَافَقَةَ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عليه وسلم في أعلى جنة الخلد (হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে চাচ্ছি এমন ঈমান, যা চলে যাবে না, এমন নি‘আমত যা শেষ হয়ে যাবে না এবং চিরস্থায়ী জান্নাতের সর্বোচ্চ স্থানে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহচর্য।)[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৪৫৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৩৩২; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৮৬৯; তাবারানী: ৮৪১৬; আত তায়ালিসী: ৩৪০; আবূ নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ১/১২৭; হাকিম: ৩/৩১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (মিশকাত: ৯৩১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ যির ইবন হুবায়শ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91284

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন